# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## ভূগোল প্রথম পত্র


### সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড : | ১ | ২ | ৫ |

সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট — পূর্ণমান — ৫০

**[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। যেকোনো ৫ টি প্রশ্নের উত্তর দাও।]**

১. ★ চিত্রটি লক্ষ্য কর এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।




Teachingbd24.com

ক. ভূগোলের সংজ্ঞা দাও। ১

খ. প্রাকৃতিক ভূগোলের মূল বিষয়বস্তু কী? ২

গ. ‘A’ চিহ্নিত স্থানে ভূমিরূপ কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

https://teachingbd24.com

ঘ. 'A' ও 'B' স্থানের আলোকে প্রাকৃতিক ভূগোল অধ্যয়নের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

**২.▶** সোহানা জেনে বিস্মিত হলো যে, পৃথিবী প্রথম অবস্থায় উত্তপ্ত ছিল। পরে তাপ বিকিরণ করে উত্তপ্ত অবস্থা থেকে ধীরে ধীরে শীতল অবস্থায় উপনীত হয়ে আগ্নেয়শিলা সৃষ্টি হয়েছে।

ক. ভূত্বক কাকে বলে? ১

খ. ভূঅভ্যন্তরের স্তরগুলোর নাম লেখ। ২

গ. সোহানার জানা মতে ভূত্বকের উপাদানগুলোর নাম লেখ। ৩

ঘ. পৃথিবীর উপরিভাগ হতে কেন্দ্র পর্যন্ত বিভিন্ন স্তরের উপাদানগুলো কেন ভিন্ন? বিশ্লেষণ কর। ৪

**৩.▶** রহিম একদিন সকালে পুকুরপাড়ে দাঁড়িয়ে ছিল। সে হঠাৎ অনুভব করল ভূমিতে প্রচণ্ড ঝাঁকুনি হচ্ছে এবং পুকুরের পানি বিপরীত কূলে আছড়ে পড়ছে আর পানির ঢেউ তার দিকে ছুটে আসছে। সে আরও দেখল চারিদিকের মানুষ ভীত সন্ত্রস্ত হয়ে এদিক-ওদিক ছুটাছুটি করছে। একটু পরে কম্পন বন্ধ হলে সে দেখতে পেল প্রতিবেশীদের বাড়িঘর কোনোটা ধ্বংস হয়েছে এবং কোনোটা হেলে পড়েছে।

ক. সুনামি কি? ১

খ. পাত সঞ্চালন কাকে বলে? ২

গ. রহিম ভূমিতে যে ঝাঁকুনি অনুভব করল সেটি কী? এর কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. ভূমিকম্প একটি প্রাকৃতিক দুর্যোগ হিসাবে স্বকৃত- এর সপক্ষে তোমার মতামত দেখাও। ৪

**৪.▶** লিজার বাবা অনেক বছর ধরে ভূমধ্যসাগরের উপকূলবর্তী দেশ তুরস্কে কর্মরত আছেন। সুপ্রাচীনকাল থেকেই এই অঞ্চলের দেশগুলো অর্থনৈতিক দিক থেকে উন্নত। অধিবাসীদের একটা অংশ কৃষির উপর নির্ভরশীল বলে

Teachingbd24.com

এখানে কৃষিনির্ভর অনেক শিল্প গড়ে উঠেছে। এটি ব্যবসা-বাণিজ্যে বিশ্বের অন্যতম সমৃদ্ধ এলাকা। এখানে পানি, স্থল ও আকাশ পথে পরিবহন ও যাতায়াত ব্যবস্থা অত্যন্ত উন্নত।

ক. মৌসুমি বায়ুর অগ্রদূত কাকে বলা হয়? ১

খ. জলবায়ু আবহাওয়ার মতো সর্বদা পরিবর্তনশীল নয় কেন?- ব্যাখ্যা কর। ২


গ. পৃথিবীর একটি মানচিত্র অঙ্কন করে ভূমধ্যসাগরীয় জলবায়ু অঞ্চল চিহ্নিত কর। ৩

ঘ. 'ভূমধ্যসাগরীয় জলবায়ু অঞ্চল বিশ্বের অন্যতম স্বাস্থ্যকর এলাকা'-বিশ্লেষণ কর। ৪

৫. ★



চিত্র-ক




চিত্র-খ

ক. ট্রপোপজ কী? ১

খ. বায়ুদূষণ বলতে কী বোঝায়? ২

গ. চিত্র 'ক' এর দূষণ উৎস বায়ুদূষণে কীভাবে মুখ্য ভূমিকা পালন করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. চিত্র 'খ' এর 'A' চিহ্নিত স্থানের উপর চিত্র 'ক' এর প্রভাব বিশ্লেষণ কর। ৪

https://teachingbd24.com

৬.▶ লাবনী তার পরিবারের সাথে সিলেটের চা বাগানে বেড়াতে গিয়ে দেখতে পেল চা বাগানের মধ্যে পাহাড়ের এক পাশে বৃষ্টিপাত হচ্ছে। কিন্তু অন্য পাশে বৃষ্টিহীন।

ক. বায়ুর আর্দ্রতা কী? ১

খ. নিয়ত বায়ু বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের উল্লিখিত এলাকায় কেন বেশি বৃষ্টিপাত হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. লাবনীর দেখা বৃষ্টিপাত ছাড়া আর কী কী ধরনের বৃষ্টিপাত হয় তা বিশ্লেষণ কর। ৪

৭. ★ পশ্চিমে উত্তর আমেরিকা, পূর্বে আফ্রিকা ও ইউরোপ মহাদেশ বেষ্টিত পৃথিবীর দ্বিতীয় বৃহত্তম মহাসাগর এটি। উত্তরে পথিবীর অন্যতম বৃহৎ দ্বীপরাষ্ট্রটি গ্রিনল্যান্ডের অবস্থান। এই মহাসাগরটি দেখতে ইংরেজি 'S' অক্ষরের মত।

ক. সমুদ্রের গভীরতা মাপা হয় কোন যন্ত্র দিয়ে? ১

খ. উপসাগরীয় স্রোত বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের মহাসাগরের আকার ও আয়তনের বর্ণনা দাও। ৩

ঘ. উক্ত মহাসাগরের তলদেশের ভূমিরূপ বিশ্লেষণ কর। ৪

৮.▶ সুরভী 'বুড়িগঙ্গা বাঁচাও' আন্দোলনের একজন সক্রিয় কর্মী। এই নদীর পানি এখন বিষাক্ত, দুর্গন্ধময়, কালো বর্ণের। জলজ প্রাণীহীন এবং ব্যবহারের অযোগ্য। অথচ ১৯৭০ সালে এই নদীর পানি ছিল নির্মল, লোকজন নৌবিহার করতো, মাছ ধরত এবং নদীর পানিতে গোসল করতো।

ক. বায়োম কী? ১

খ. কার্বনচক্র বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত নদীটির বর্তমান অবস্থার কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. সুরভীর আন্দোলন সফল করার জন্য কী কী পদক্ষেপ নেয়া যেতে পারে তোমার মতামত দাও। ৪

Teachingbd24.com

## বিষয় : ভূগোল: প্রথম পত্র

বিষয় কোড : | ১ | ২ | ৫ |

সময় — ২৫ মিনিট

### বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ২৫

[দ্রষ্টব্য: সৈর্বাত্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. জীবসমূহ বারিমণ্ডল থেকে কি গ্রহণ করে?
ক) খনিজ খ) বায়ু
গ) পানি ঘ) অক্সিজেন

২. বায়ুমণ্ডল নিচের কোন অবস্থার জন্য দায়ী?
i. বৃষ্টিপাত
ii. বায়ুমণ্ডলীয় গোলযোগ
iii. জোয়ার ভাটা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩. প্রাকৃতিক ভূগোলের সাধারণক্ষেত্রে বা পরিধি বর্ণনা করেন কোন ভূগোলবিদ?
ক) পিডউইরানি
খ) এলেন চার্চিল সেম্পল
গ) হার্টশোর্ন ঘ) ফেরেল

৪. ভূমি থেকে উঁচু বিস্তীর্ণ ভূমিকে কি বলে?
ক) সমভূমি খ) পর্বত
গ) মালভূমি ঘ) পাহাড়

৫. নিচের কোন দেশটি বৃত্তচাপীয় দ্বীপমালার অন্তর্গত?
ক) ইন্দোনেশিয়া খ) মালদ্বীপ
গ) পাপুয়া নিউগিনি ঘ) জাপান
বি.দ্র.: সঠিক উত্তর : ক ও ঘ

৬. মৌলিক স্তরে ভূকম্পীয় তরঙ্গের গতিবেগ প্রতি সেকেন্ডে কত?
ক) ৫ কি.মি. খ) ৬ কি.মি.
গ) ৭ কি.মি ঘ) ৮ কি.মি.

৭. ভূমিকম্পের কোনটি দায়ী বলে তুমি মনে কর?
i. পাত সঞ্চালন
ii. বৃষ্টিপাত
iii. অগ্ন্যুৎপাত
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৮. বায়ুমণ্ডল না থাকলে আকাশের রং কেমন হতো—
ক) লাল খ) কালো
গ) সাদা ঘ) নীল

৯. তাপমণ্ডলে বেতার তরঙ্গ প্রতিফলিত হয় কেন?
ক) বায়ু স্থির থাকে
খ) হিলিয়াম গ্যাস অধিক
গ) পরমাণু চার্জিত হয়
ঘ) বায়ুর তাপমাত্রা বেশি

১০. কেন্দ্রমণ্ডলে S তরঙ্গ প্রবেশ করে না। এর যথার্থ কারণ কোনটি?
ক) বাইরের অংশ অপেক্ষাকৃত তরল
খ) বাইরের অংশ অপেক্ষাকৃত পুরু
গ) মধ্যবর্তী অংশ তরল
ঘ) মধ্যবর্তী অংশ পুরু

নিচের অনুচ্ছেদটি পড়ে ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও :

প্রচণ্ড শীতে পথঘাটের মানুষ কাঁপছে। রানা শীত উপেক্ষা করে সকালে বাইরে বের হল। বাইরে সরষে ফুলের উপর বিন্দু বিন্দু জল দেখে তার মন ভরে উঠল। সে ভাবলো আমাদের এখানে যেভাবে সকাল বেলা টিপ টিপ করে আকাশ থেকে জল পড়ছে রাশিয়ায় বুঝি এভাবেই আকাশ থেকে বরফ পড়ে।

১১. উদ্দীপকে উল্লিখিত রানার দেখা বিন্দু জলের সাথে সাদৃশ্য রয়েছে কোন প্রক্রিয়ার?
ক) হিমানিসম্প্রপাত খ) বৃষ্টিপাত
গ) ঘনীভবন ঘ) বাষ্পীভবন

১২. রাশিয়ায় বরফ পড়ার মৌলিক কারণ কোনটি—
i. তাপ বিকিরণ
ii. তাপমাত্রা শূন্য ডিগ্রীর নিচে নেমে যাওয়া
iii. প্রচুর শিশির জমা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৩. দাবানলের পেছনে যুক্তিসঙ্গত প্রভাব রয়েছে কোন বায়ুর?
ক) পার্বত্য বায়ুপ্রবাহ
খ) উপত্যকা বায়ুপ্রবাহ
গ) ঘূর্ণী বায়ুপ্রবাহ
ঘ) ফন বায়ু প্রবাহ

নিচের অনুচ্ছেদটি পড়ে ১৪–১৬ নং প্রশ্নের উত্তর দাও :

রফিক আহমেদ একজন প্রথিতযশা আবহাওয়াবিজ্ঞানি। তিনি "জলবায়ু পরিবর্তন ও বাংলাদেশ" শীর্ষক একটি সেমিনারে বলেন, জলবায়ু পরিবর্তনের ফলে কৃষিসম্পদ ও পানিসম্পদের উপর বিরূপ প্রভাব পড়েছে। (১৫ –১৬)

১৪. জলবায়ু পরিবর্তনের ফলে ২০৫০ সালের মধ্যে ধানের উৎপাদন কতভাগ হ্রাস পেতে পারে?
ক) ৮ ভাগ খ) ১০ ভাগ
গ) ১২ ভাগ ঘ) ১৪ ভাগ

Teachingbd24.com
https://teachingbd24.com

১৫. উদ্দীপকের আলোকে বাংলাদেশে পানি সম্পদের কি রকম ক্ষতি হতে পারে?

ক) স্রোত বৃদ্ধি খ) স্রোত হ্রাস

গ) মাছ বৃদ্ধি

ঘ) উপকূলে লবণাক্ততা

১৬. উদ্দীপকে উল্লেখিত সেক্টর ব্যতীত আর যে সেক্টরে জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব পড়তে পারে —

i. জনস্বাস্থ্য

ii. দুর্যোগ ব্যবস্থাপনা

iii. নগর ও অভিবাসন

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii

গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৭. উপকূলীয় পানির ব্যবহারের ক্ষেত্রে কোনটি সঠিক —

i. চিংড়ি চাষ করা যায়

ii. লবণ উৎপাদন করা যায়

iii. ইলিশ মাছ শিকার করা

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii

গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৮. পানির পরিবেশ সহনীয় রাখার উপায় কোনটি?

ক) বাষ্পীভূত হওয়ার ক্ষমতা

খ) তাপধারণ ক্ষমতা

গ) বিজারক হিসেবে ব্যবহার

ঘ) ঘনীভূত হওয়ার ক্ষমতা

১৯. প্রশান্ত মহাসাগরে মহীসোপান কম হওয়ার কারণ কোনটি?

i. মহীসোপান ক্রমশ ঢালু

ii. পর্বত সঙ্কুল দ্বীপ

iii. আগ্নেয়দ্বীপের উপস্থিতি

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii

গ) ii ও iii ঘ) i, ii ও iii

নিচের অনুচ্ছেদটি পড়ে ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও:

সুমি মহাসাগরের তলদেশ সম্পর্কে বইয়ে অনেক কিছু পড়ল। সে দেখল প্রশান্ত মহাসাগরে গভীর অঞ্চলের আধিক্য রয়েছে।

২০. উদ্দীপকে কোন ঘটনার বর্ণনা করা হয়েছে?

ক) ঘূর্ণিঝড়

খ) সুনামী

গ) জোয়ার ভাটা

ঘ) সমুদ্র তলদেশের ভূপ্রকৃতি

২১. সুমির পঠিত বিষয়ের সাথে সাদৃশ্য পূর্ণ—

i. অ্যালুশিয়ান

ii. সুন্দা

iii. মারিয়ানা

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii

গ) ii ও iii ঘ) i, ii ও iii

২২. প্রশান্ত মহাসাগর সম্পর্কে গ্রহণযোগ্য মতামত কোনটি?

ক) গভীরতম খাতের অবস্থান

খ) সমুদ্রে ঢেউয়ের প্রভাব

গ) এস আকৃতির শৈলশিরা

ঘ) উষ্ণ উপসাগরীয় স্রোতের প্রভাব

নিচের অনুচ্ছেদটি পড়ে ২৩-২৫ নং প্রশ্নের উত্তর দাও:

একদিন শিক্ষার্থীরা কক্সবাজার সমুদ্র সৈকতে বেড়াতে গেল। বিকেল বেলায় সমুদ্র সৈকতে হাঁটতে গিয়ে তারা দেখতে পেল সমুদ্রের পানি তাদের দিকে দ্রুত গতিতে ছুটে আসছে।

২৩. উদ্দীপকের উল্লিখিত সামুদ্রিক ভূ-আগটির নাম কি?

ক) তটদেশীয় অঞ্চল খ) নিমজ্জিত অঞ্চল

গ) মহীঢাল ঘ) মহীসোপান

২৪. উক্ত অঞ্চলের প্রধান বৈশিষ্ট্য হলো —

i. ভূ-ভাগ ধীরে ধীরে ঢালু হয়ে সাগরের তলদেশে নেমে গেছে

ii. ইহা ১ ডিগ্রি কোণে সমুদ্র তলদেশে নিমজ্জিত

iii. এ অঞ্চলের গড় প্রশস্ততা ৭০ কি.মি.

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii

গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৫. কক্সবাজারের জোয়ার যে কারণে অধিক প্রবল হয় —

i. মহীসোপানের আধিক্য

ii. ফিরতি স্রোত

iii. পূর্ব দিকের ঘূর্ণন জনিত ত্বরণ

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii

গ) ii ও iii ঘ) i, ii ও iii

**উত্তর**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | ক | ৩ | ক | ৪ | গ | ৫ | * | ৬ | গ | ৭ | গ | ৮ | খ | ৯ | গ | ১০ | ক | ১১ | ঘ | ১২ | ক | ১৩ | ঘ |
| ১৪ | ক | ১৫ | ঘ | ১৬ | ঘ | ১৭ | ঘ | ১৮ | খ | ১৯ | ঘ | ২০ | ঘ | ২১ | খ | ২২ | ক | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | খ | | |

Teachingbd24.com